ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◂◂ নোরার দুর্দশা!

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পাকিস্তান নিরাপদ নয়: ▸▸ হরভজন

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২০৯ ● কলকাতা ● ১৬ শ্রাবণ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ০১ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## দিল্লিতে সংসদ অধিবেশন সেরেই

## ডায়মন্ড হারবারে ফিরছেন অভিষেক



**ডায়মন্ড হারবার: নিউজ সারাদিন :** কথা দিয়েছিলেন, তৃতীয়বার জনপ্রতিনিধি হলে উন্নয়নের কাজ করবেন আরও বেশি করে। আর ভোটের ফলাফল বলছে, রেকর্ড ৭ লক্ষের বেশি ব্যবধানে ডায়মন্ড হারবার থেকে তৃতীয়বার সাংসদ নির্বাচিত হয়েছেন। তাই আরও কাজের লক্ষ্যে এবার নিজের সংসদীয় কেন্দ্রের দিকে নজর দিলেন। দিল্লিতে সংসদ অধিবেশন সেরেই ডায়মন্ড হারবারে ফিরছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।এভাবেই ডায়মন্ড হারবারে ঢালাও উন্নয়নের কাজের ফসলই ঘরে তুলেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। জনতার আস্থা অর্জন করে তৃতীয়বারের জন্য সাংসদ নির্বাচিত হয়েছেন। আর তার পরেই নিজের সংসদীয় কেন্দ্রের দিকে নজর দিয়েছেন তিনি। এই মুহূর্তে সংসদের বাদল অধিবেশনে অংশ নিতে দিল্লিতে ব্যস্ত অভিষেক। সেখান থেকে ফিরেই ডায়মন্ড হারবার যাবেন বৈঠক করতে। ১০ আগস্ট, শনিবার আমতলার অডিটোরিয়ামে সকলের সঙ্গে বৈঠক করে কাজের খতিয়ান নেবেন। তার উপর ভিত্তি করে আগামী দিনে আরও কাজের পরিকল্পনা করতে পারেন সাংসদ। ফলে ১০ আগস্টের বৈঠকের দিকে নজর সবমহলের।

আগামী মাসে তিনি আমতলার একটি প্রেক্ষাগৃহে প্রশাসনিক বৈঠকে বসবেন বলে খবর। জেলাস্তরে গুঞ্জন, অভিষেকের তৈরি করা 'ডায়মন্ড হারবার মডেলে' নতুন কিছু সংযোজন হতে পারে।

সূত্রের খবর, আগামী ১০ আগস্ট আমতলার একটি প্রেক্ষাগৃহে জেলা প্রশাসনের আধিকারিক ও সংগঠনের নেতাদের সঙ্গে বৈঠক করবেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় । সেইমতো

এরপর ৩ পাতায়

## বসিরহাটে লোকসভা নির্বাচনের ফলাফল নিয়ে

## মামলায় উভয় পক্ষকে নোটিশ দিল কলকাতা হাইকোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বুধবার কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাও বসিরহাটের ফলাফল নিয়ে মামলায় উভয় পক্ষকে নোটিশ দিলেন। এবার লোকসভা ভোটের বসিরহাটের ফলাফল নিয়ে মামলা করেছিলেন বিজেপি প্রার্থী রেখা পাত্র। ইভিএম, ব্যালট, সিসিটিভি ফুটেজ -সহ সমস্ত নথি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন বিচারপতি কৃষ্ণা রাও। এই মামলার পরবর্তী শুনানি হতে পারে সেপ্টেম্বরে। এবারের নির্বাচনে বাংলার বসিরহাট লোকসভা কেন্দ্রে নজর ছিল সকলের সন্দেশখালি ইস্যু ঘিরে। এছাড়াও সেখান থেকে বিজেপি প্রার্থী হিসেবে লড়াইয়ে নামায় বহিষ্কৃত তৃণমূল নেতা শেখ শাহজাহানের বিরুদ্ধে রুখে দাঁড়ানো স্থানীয় গৃহবধূ রেখা পাত্রকে। ২০২৪ সালে নির্বাচনে তৃণমূলের তরফে প্রার্থী ছিলেন প্রাক্তন সাংসদ হাজি নুরুল ইসলাম। সন্দেশখালিকে সামনে রেখে বিজেপি বসিরহাট জয়ের আশা করলেও তাতে জল ঢেলে দিয়েছেন হাজি নুরুল। বড়সড় ব্যবধানে তিনি রেখাকে হারিয়ে জিতেছেন। একমাত্র সন্দেশখালি বিধানসভা কেন্দ্র থেকেই এগিয়ে ছিলেন রেখা। আর তাতেই ফলাফল নিয়ে সন্দেহপ্রকাশ করেন তিনি। কারচুপি, ছাপ্পা-সহ একাধিক অভিযোগে ফলপ্রকাশের পর তিনি হাই কোর্টে এনিয়ে মামলা করেন। বুধবার এনিয়ে হাই কোর্টের বিচারপতি কৃষ্ণা রাওয়ের এজলাসে শুনানি ছিল। তিনি জাতীয় নির্বাচন কমিশন, জয়ী প্রার্থী হাজি নুরুল ইসলাম-সহ সব পক্ষকে নোটিস দিল উচ্চ আদালত। বলা হয়েছে, ইভিএম, ব্যালট, সিসিটিভি ফুটেজ, ডিভিআর, নির্বাচনী সংক্রান্ত সমস্ত কাগজপত্র সংরক্ষণ করতে হবে। এই মামলার পরবর্তী শুনানি আগামী ৪ সেপ্টেম্বর। ওই সময়ের মধ্যে সব পক্ষকে নোটিসের জবাব দিতে হবে বলে নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্ট।

## ঘুমন্ত অবস্থায় বাবা মায়ের কাছ থেকে

## উধাও দেড় বছরের শিশু ! রহস্য ঘনীভূত



**বেবি চক্রবর্ত্তী,পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন :** ঘুমন্ত অবস্থায় বাবা মায়ের কাছ থেকে উধাও দেড় বছরের শিশু পুত্র ! তিন দিন কেটে গেলেও সেই শিশুর কোনও খোঁজ পাওয়া যায়নি। ঘটনাকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে ডেবরায়। পাশাপাশি জানা গিয়েছে যে রবিবার গভীর রাতে ডেবরা থানার অন্তর্গত কিসমত ভুঁয়া গ্রামে একটি শিশু ঘুমন্ত অবস্থায় রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায়। তারপর থেকে শিশুটির কোনো খোঁজ মেলেনি। ঘটনার পরেই ডেবরা থানায় নিখোঁজের অভিযোগ দায়ের করেছে দম্পতি। নিখোঁজ হওয়া শিশুটির নাম কেশব সিং , বয়স আনুমানিক দেড় বছর। শিশুটির বাবা-মা কিঙ্কর সিং ও গুরুবারি সিং সন্দেহ প্রকাশ করছেন, কেউ বা কারা তাদের শিশুকে ঘুমন্ত অবস্থায় তুলে নিয়ে গেছে। এদিকে প্রতিবেশীদের ধারনা অনুসারে সোমবার বাড়ির সামনে পুকুরে তিনবার তল্লাশি চালানো হলেও শিশুটির কোনো অস্তিত্ব মেলেনি। গ্রামবাসীরাও শিশুটির নিখোঁজ হওয়ার ঘটনায় চিন্তিত। যদিও অভিযোগ দায়ের হওয়ার পরেই ডেবরা থানার পুলিশ শিশুটির খোঁজে তল্লাশি চালাচ্ছে। তথাপি ৩দিন কেটে গেলেও দেড় বছরের শিশু নিখোঁজ হওয়ার ঘটনায় রহস্যের জাল আরও ঘনীভূত হয়েছে।





পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ ☐ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

**মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে**

**৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা**

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব<br>
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি


এরপর ৩ পাতায়

# আবারও ফের লাইনচ্যুত

## ট্রেন ভয়ঙ্কর সেই রাঙাপানি



**দার্জিলিং : নিউজ সারাদিন :** প্রায় মাস দেড়েক আগেই ঘটে গিয়েছিল ভয়ঙ্কর ঘটনা। আবার একই জায়গায় রেল দুর্ঘটনা। ফের ফাঁসিদেওয়ার রাঙাপানিতে ঘটে গেল এই রেল-দুর্ঘটনা। আবারও লাইনচ্যুত হল ট্রেন। এবার মালগাড়ি। গতকালই ঝাড়খণ্ডের চক্রধরপুর ডিভিসনে বরাবাম্বুতে মালগাড়ি লাইনচ্যুত হয়। আর তারপরই সেই লাইনচ্যুত হওয়া বগিতে ধাক্কা মেরে ছিটকে পড়ে যায় মুম্বই-হাওড়া এক্সপ্রেস ট্রেনের ১৮ টি বগি। আবারও লাইনচ্যুত হল মালগাড়ি। সকাল সাড়ে ১১টা নাগাদ রাঙাপানি স্টেশনের কাছেই দুর্ঘটনাটি ঘটে। গত ১৭ জুন, এই রাঙাপানিতেই মালগাড়ির সঙ্গে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের সংঘর্ষে ১০ জনের মৃত্যু হয়। মৃতদের মধ্যে মালগাড়ির চালকও ছিলেন। একই জায়গায় বারবার কেন দুর্ঘটনা, প্রশ্নের মুখে রেলের নিরাপত্তা কতখানি!

# সরকারি জায়গায় ব্যবসা করার অনুমতি দিয়ে তোলাবাজি শাসকের?



**সুমন পাত্র, চন্দ্রকোনারোড : নিউজ সারাদিন :** উড়ালপুলের দুই পাশে সবজি থেকে চায়ের দোকান বানানোর জায়গা বিক্রি করছে অসাধু চক্র। শাসক দলের জড়িত থাকা নিয়ে জোর গুঞ্জন।

মায়ের চেয়ে বড় ধর্ম হয় না ব্যবসার চেয়ে বড় কর্ম হয় না। এই নীতিতে বিশ্বাসী চন্দ্রকোনা রোড পশ্চিম মেদিনীপুর জেলার সবচেয়ে বড় ব্যবসায়ী শহর। এখানে আলু থেকে সবজি রেলের রেক পয়েন্ট থেকে হাজার হাজার গাড়ির ব্যবসা নিত্যদিন রোজ রুটি যোগায় চন্দ্রকোনা রোডবাসীর। তাই চন্দ্রকোনা রোডের ৬০% মানুষ ব্যবসায় যুক্ত, এই সুযোগকে কাজে লাগিয়ে ছোট ছোট গুমটি থেকে চায়ের দোকান চন্দ্রকোনা রোডে রোজ কোন না কোন অংশে ক্রমবর্ধমান।

এবার তেমনই এক চিত্র উঠে এল আমাদের ক্যামেরায়। চন্দ্রকোনা রোডে যানজট কমাতে রেলের ওভারব্রিজ নির্মাণ চলছে কুবাই নদীতে ওভার ব্রিজ নির্মাণ হয়ে গেলে দুই পাশে যথেষ্ট জায়গা পাওয়া যাবে এবং ব্যবসা হবে রমরমিয়ে সেই বিষয়টা মাথায় রেখে শাসক ঘনিষ্ঠ বেশ কিছু অসাধুচক্র কুবাই নদীর ওভারব্রিজের দুই পাশে ছোট দোকান বসানোর জন্য অর্থ সংগ্রহ করছে বলে বিশেষ সূত্রে খবর। একটি সূত্র মারফত খবর পাওয়া গেছে। জায়গার লোকেশন অনুযায়ী বিভিন্ন দরদাম হাঁকাচ্ছে ওই অসাধুচক্র। জায়গা বেশি হলে যেমন দর বেশি তেমন সামনের জায়গা জায়গার মূল্য বেশ চড়া। কোথাও গুমটি করে পান সহ স্টেশনারি, কোথাও চায়ের দোকান বসানোর নামে অর্থ সংগ্রহ চলছে বলে খবর। সরকারী জায়গাকে এইভাবে বিক্রি করা যায় কি সেই বিষয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে বিরোধীরা। বিরোধী দলের বক্তব্য সরকারি খাস জমি প্রায় সমস্তই বিক্রি করে দিয়েছেন শাসকদলের ঘনিষ্ঠ সাতবাঁকুড়ার এক বড় নেতা। তিনি খাস জায়গা বিক্রি করে বাড়িতে সোনার গনেশ কিনেছেন। যদিও এবার উড়ালপুলের দুই পাশে জায়গা বিক্রি থেকে তার নাম রয়েছে কী না সে বিষয়ে চন্দ্রকোনারোড জুড়ে শুরু হয়েছে জোড় গুঞ্জন। শাসক দলের তরফে অভিযোগ অস্বীকার করে জানানো হয়েছে। এমন ঘটনা হতে দেওয়া যাবে না দল ও প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। যদি এমনটা হয়েও থাকে শাসকদলের কেউ জড়িত নয়। মুখ্যমন্ত্রী বারবার যখন বেআইনি দখলকারীদের বসতে না দিয়ে করা ব্যবস্থার কথা বলছেন। তখন এই ধরনের ঘটনা যথেষ্ঠ তাৎপর্যপূর্ণভাবে প্রশাসনের কাছে বিড়ম্বনার সে কথা বলার অপেক্ষা রাখে না, এখন দেখার উড়ালপুলের দুই পাস পরিচ্ছন্ন থাকে নাকি অর্থের কাছে মাথা নত করে প্রশাসন থেকে শাসকদল।

# বিশেষ চাহিদাসম্পন্ন এবং সাধারণ

## বিশেষ চাহিদাসম্পন্ন এবং সাধারণ



**অভিজিৎ হাজরা, হাওড়া : নিউজ সারাদিন :** হাওড়া জেলা পরিষদ হাওড়া জেলার বিশেষ চাহিদাসম্পন্ন এবং সাধারণ ছাত্র -ছাত্রীদের পাশে দাঁড়ানোর উদ্যোগ নিয়েছে। হাওড়া জেলা পরিষদ সূত্রে জানা যায়, হাওড়া জেলায় বিশেষ চাহিদাসম্পন্ন পড়ুয়াদের জন্য জেলার তিনটি বিদ্যালয়ের আবাসিক পড়ুয়াদের যাতায়াত করা থেকে নানাবিধ সুবিধা পাওয়ার জন্য তিনটি ই - রিকশ দেওয়া হবে। এছাড়াও হাওড়া জেলা পরিষদের ৪২ জন সদস্য - সদস্যাদের তাদের এলাকার শিক্ষা প্রতিষ্ঠান গুলো সংস্কারের জন্য তিন লক্ষ করে টাকা দেওয়া হবে।হাওড়া জেলা পরিষদ সূত্রে জানা যায় , বিশেষ চাহিদাসম্পন্ন পড়ুয়াদের জন্য তিনটি বিদ্যালয় হাওড়া জেলার সাঁকরাইল, উলুবেড়িয়া এবং বাগনানে আছে । এই তিনটি বিদ্যালয়কে একটি করে মোট তিনটি ই - রিকশ দেওয়া হবে। ২০২৪ - ২০২৫ আর্থিক বর্ষের টাকা জেলা পরিষদে এলেই সেই অর্থ থেকে বিদ্যালয় গুলির সংস্কারের টাকা এবং ই - রিকশ দেওয়া হবে । হাওড়া জেলার সাঁকরাইল, উলুবেড়িয়া এবং বাগনানে বিশেষ চাহিদাসম্পন্ন তিনটি বিদ্যালয়ে আবাসিক ছাত্র -ছাত্রীরা আসা - যাওয়া করে। তাদের যাতায়াত করা ছাড়া ও কেহ অসুস্থ হয়ে পড়লে তাকে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যেতে সমস্যা হয়। এই সমস্যা সমাধানের জন্যই এই তিনটি বিদ্যালয়কে একটি করে মোট তিনটি ই -রিকশ দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। হাওড়া জেলা পরিষদের সহ সভাপতি অজয় ভট্টাচার্য এবং জেলা পরিষদের শিক্ষা দফতরের কর্মাধ্যক্ষ সুলেখা পাঁজা এই প্রসঙ্গে বলেন," হাওড়া জেলার সাঁকরাইল, উলুবেড়িয়া এবং বাগনানে বিশেষ চাহিদাসম্পন্ন পড়ুয়াদের জন্য তিনটি আবাসিক বিদ্যালয় আছে । এইসব বিদ্যালয়ে সবথেকে বড় সমস্যা বিশেষ চাহিদাসম্পন্ন পড়ুয়াদের যাতায়াত, এবং কেহ অসুস্থ হয়ে পড়লে অ্যাম্বুলেন্সের জন্য দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়। ই - রিকশ থাকলে এই সমস্যা দূর হবে। সেই জন্যই ঐ তিনটি বিদ্যালয়কে একটি করে মোট তিনটি ই -রিকশ দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও হাওড়া জেলা পরিষদের শিক্ষা দফতর সূত্রে জানা যায়, বেশ কয়েক বছর ধরে এ সি আর (অ্যাডিশন্যাল ক্লাস রুম) তহবিল বিদ্যালয় গুলিকে ঠিকমতো দেওয়া ও হয় না। ফলে বিদ্যালয় গুলির কর্তৃপক্ষ নতুন ক্লাসরুম তৈরি করতে পারছেন না।বহু পুরানো বিল্ডিংয়ের বহু জায়গা খসে পড়ছে। সেই সমস্যার কথা চিন্তা ভাবনা করেই রাজ্য সরকারের পক্ষ থেকে বিদ্যালয় গুলির গৃহ সংস্কারের জন্য সম্প্রতি তহবিল দেওয়া হয়েছে। এবার হাওড়া জেলা পরিষদ ও এই উদ্যোগ গ্রহণ করেছে। হাওড়া জেলা পরিষদ সূত্রে জানা যায়, জেলা পরিষদের সদস্য - সদস্যাদের সংশ্লিষ্ট এলাকার ভগ্ন বিদ্যালয় গুলির বিদ্যালয় গৃহ সংস্কারের জন্য টাকা দেওয়া হবে।

# আবহাওয়া আপডেট জানালেন

## আবহাওয়া বিভাগের অধিকর্তা সোমনাথ দত্ত



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** আবহাওয়া বিভাগ পূর্বাঞ্চলীয় অধিকর্তার নাম সোমনাথ দত্ত বলেন ।আগামী ৭ দিন দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। পাশাপাশি সেই সাথে কিছু জেলায় ভারী বৃষ্টিরও পূর্বাভাস দেওয়া হয়েছে আগামী এক সপ্তাহ। উত্তরবঙ্গের ক্ষেত্রে আগামী এক সপ্তাহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এবং সেই সাথে উত্তরবঙ্গের কিছু বিক্ষিপ্ত জেলাগুলিতে ভারী বৃষ্টিরও সম্ভাবনা রয়েছে ।এই মুহূর্তে কোথাও নতুন করে কোন সিস্টেম নেই। এখন এই মুহূর্তে গেঞ্জেটিভ ওয়েস্ট বেঙ্গল এ ওপরে একটি সাইক্লোনিক সার্কুলেশন রয়েছে ।এর ফলেই দক্ষিণবঙ্গে গোটা এক সপ্তা হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই মুহূর্তে মৌসুমী অক্ষরেখা আমাদের রাজ্যের দুই জায়গা থেকে পাস করছে। একটি হচ্ছে পুরুলিয়া এবং একটি হচ্ছে সাগরের দিক থেকে পাস করছে।

আজ পশ্চিমবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং সেইসাথে ভারী বৃষ্টি সম্ভাবনা রয়েছে মেদিনীপুর হুগলি হাওড়া পূর্ব বর্ধমান পশ্চিম বর্ধমান বীরভূম মালদা উত্তর চব্বিশ পরগনা দক্ষিণ ২৪ পরগনা নদীয়াতে বিক্ষিপ্ত কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে আজ ।দু তারিখে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে পুরুলিয়া দুটি বর্ধমান বীরভূম মুর্শিদাবাদ দার্জিলিং কালিম্পং জলপাইগুড়িতে ।৩ তারিখে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে দার্জিলিং কালিংপং জলপাইগুড়ি উত্তর দিনাজপুর।






# শিয়ালদাহ দক্ষিণ শাখায় ডায়মন্ড হারবার এ

## নির্ধারিত সময়ে ট্রেন চলাচল না হওয়ায় সেই অভিযোগে নিত্যযাত্রীরা প্রায় ৫ ঘণ্টা রেল অবরোধ করে



**বাইজিদ মণ্ডল ডায়মন্ড হারবার : নিউজ সারাদিন :** সঠিক সময়ে এই এক মাসের মতো ভোরের ট্রেন চলছে না, কাজে পৌঁছতে দেরি হয়ে যাচ্ছে ।এই অভিযোগ করে ডায়মন্ড হারবার স্টেশনে রেল অবরোধ করলেন নিত্যযাত্রীরা। তাঁদের এই অবরোধের জেরে ব্যাহত হয়েছে শিয়ালদা দক্ষিণ শাখায় ট্রেন পরিষেবা। বুধবার দুপুর পর্যন্ত রেল অবরোধ ব্যাহত থাকে ডায়মন্ড হারবার শাখায় ট্রেন চলাচল। জানা গিয়েছে, বুধবার সকাল থেকে শিয়ালদা দক্ষিণ শাখায় ডায়মন্ড হারবার স্টেশনে নিত্যযাত্রীরা রেল অবরোধে সামিল হন। নিত্যযাত্রীদের অভিযোগ, ডায়মন্ড হারবার-শিয়ালদা লোকালের ট্রেন দেরিতে চলায় মৌখিকভাবে রেল কর্তৃপক্ষকে জানানো হয়েছিল। কিন্তু রেল প্রশাসনকে জানি এও কোনরকম সুরাহা হয়নি । এবার তাই বাধ্য হয়েই সপ্তাহের তৃতীয় দিনে ব্যস্ত সময়ে সকাল থেকে রেল অবরোধ করেছেন নিত্যযাত্রীরা। এর ফলে এ দিন প্রায় ৫ঘণ্টা শিয়ালদা দক্ষিণ শাখার ডায়মন্ড হারবার লোকাল ট্রেন চলাচল ব্যাহত হয়েছে । এই অবরোধের কথা শুনে ঘটনাস্থলে আসেন রেলের আধিকারিকরা। অবরোধকারীদের সঙ্গে কথা বলেন রেল পুলিশের,

এরপর ৩ পাতায়

# ইসরায়েলি হামলায় হিজবুল্লাহ কমান্ডার নিহত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লেবাননের রাজধানী বৈরুতে ইসরাইলি বিমান হামলায় ইরান-সমর্থিত সশস্ত্র গ্রুপ হিজবুল্লাহর সিনিয়র সামরিক কমান্ডার এবং স্ট্র্যাটেজিক ইউনিটের প্রধান ফুয়াদ শুকুর নিহত হয়েছে বলে দাবি ইসরায়েলের। মঙ্গলবার রাতে এই হামলা চালানো হয়। তবে তার নিহত হওয়ার খবর এখনো শিকার করেনি

এরপর ৩ পাতায়



১-ম পাতার পর

# দিল্লিতে সংসদ অধিবেশন সেরেই ডায়মন্ড হারবারে ফিরছেন অভিষেক

প্রস্তুতিও শুরু হয়েছে। যদিও এই বৈঠক নিয়ে জেলার কেউ মুখ খুলতে নারাজ। এর আগে দুবার সাংসদ হিসেবে এলাকার উন্নয়নে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কাজ বহুল প্রশংসিত। বিশেষত ২০২০-২১ সালে মহামারী করোনার সময়ে অভিষেকের তৈরি 'ডায়মন্ড হারবার মডেল' ব্যাপক সাফল্য লাভ করেছিল। উপকৃত হয়েছিলেন আমজনতা। এই ডায়মন্ড হারবারকে কেন্দ্র করেই বার্ধক্যভাতা নিয়ে মুখ্যমন্ত্রী তথা রাজ্য সরকারের কথা আদায় করেছিলেন অভিষেক।

২ পাতার পর

# ইসরায়েলি হামলায় হিজবুল্লাহ কমান্ডার নিহত

হিজবুল্লাহ। লেবাননের সশস্ত্র গোষ্ঠীর শক্ত ঘাঁটি দাহিয়েহ শহরে এই হামলায় বেশ কয়েকজন আহত হওয়ারও খবর পাওয়া গেছে।ইসরায়েলি সামরিক বাহিনী দাবি করেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ফুয়াদ শুকুরকে লক্ষ্য করেই বিমান হামলা চালানো হয়েছিল।

ইসরাইলি সামরিক বাহিনীর কর্মকর্তারা বলছেন, শনিবার ইসরায়েলের গোলান মালভূমিতে একটি রকেট হামলার চালিয়েছিল হিজবুল্লাহ। যাতে অন্তত ১২ জন মারা যায়, যাদের বেশিরভাগই শিশু। হামলায় জড়িত থাকার কথা অস্বীকার করেছে হিজবুল্লাহ। মঙ্গলবার রাতে ওই হামলার পর লেবাননের প্রধানমন্ত্রী নাজিব মিকাতি এই ইসরায়েলি আগ্রাসনের নিন্দা করেছেন। তিনি এটিকে অপরাধী কর্মকাণ্ড হিসেবে আখ্যা দিয়ে বলেছেন, আক্রমন চালিয়ে বেসামরিক মানুষদের হত্যার এই ঘটনা সুস্পষ্ট আর্ন্তজাতিক আইনের লঙ্ঘন। হামলার পর সোশ্যাল মিডিয়ায় একটি ছোট পোস্ট শেয়ার করে ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্ট বলেছেন, “হিজবুল্লাহ রেড লাইন অতিক্রম করেছে”। এছাড়াও হামলায় ফুয়াদ শুকুর নিহত হয়েছেন কি-না তা সেটি এখনো নিশ্চিত নয়। বৈরুতের নিরাপত্তা সূত্রগুলো বলছে, ইসরায়েলি হামলার লক্ষ্যবস্তু ওই ভবনটিতে ছিল না। তবে এখনো পর্যন্ত এই ঘটনায় তাদের সিনিয়র কমান্ডার নিহত হয়েছে কি না সেটি নিয়ে কোন বিবৃতি বা তথ্য দেয় নি হিজবুল্লাহ।

হিজবুল্লাহর এই কমান্ডারের জন্য ৫০ লাখ ডলার পুরস্কার ঘোষণা করা হয়েছিল। ১৯৮৩ সালে বৈরুতে একটি মার্কিন মেরিন ব্যারাকে বোমা হামলার মূল ভুমিকায় ছিল এই হিজবুল্লাহ নেতা। যে হামলায় অন্তত ২৪১ জন মার্কিন সৈন্য নিহত হয়েছিল। বিমান হামলায় ক্ষতিগ্রস্ত দাহিয়েহ এলাকাটি ঘনবসতিপূর্ণ এবং খুব সুরক্ষিত এলাকা। যেখানে রয়েছে হিজবুল্লাহর কড়া নিরাপত্তা চৌকি ও চেকপয়েন্ট। ইসরায়েলি বিমান হামলার পর হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি কারিন জিন পিয়েরে সাংবাদিকদের বলেছেন, ওমার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বিশ্বাস করেন যে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে বৃহত্তর যুদ্ধ এড়ানো যেতে পারে। "এটা আরো বাড়ুক আমরা তা চাই না, আমরা সর্বত্র যুদ্ধ দেখতে চাই না” ।আগের দিন, নাম প্রকাশ না করার শর্তে, দুইজন ইসরায়েলি কর্মকর্তা রয়টার্সকে বলেছিলেন যে ইসরায়েল হিজবুল্লাহর ওপর হামলা চালালেও তারা লেবাননকে সর্বাত্মক যুদ্ধে টেনে আনতে চায় না।

এই হামলার পর ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বলেছে পাল্টা হামলার ভয়ে ইসরায়েলিদের নিরাপদ আশ্রয় নেয়ার প্রয়োজন নেই। তার মনে করছে যে হিজবুল্লাহ এর কোন প্রতিক্রিয়া দেখাতে পারবে না বা দেখাবে না।শনিবার ইসরায়েলের গোলান মালভূমিতে ভয়াবহ হামলার পরে ইসরায়েল যে পাল্টা আক্রমন করতে পারে সেটি ধারণা করা হয়। ইসরায়েলের নিরাপত্তা মন্ত্রীসভা মি. নেতানিয়াহু এবং মিস্টার গ্যালান্টকে ওই ঘটনার পাল্টা জবাব দেয়ার অনুমতি দিয়েছিল। শনিবার মাজদাল শামসের একটি ফুটবল মাঠে একটি রকেট হামলায় অন্তত ১২ জন নিহত হয় যার বেশিরভাগই শিশু। এই হামলার জন্য ইসরায়েল হিজবুল্লাহকে দায়ী করেছে।যদিও শুরু থেকে হিজবুল্লাহ এই হামলায় জড়িত থাকার কথা অস্বীকার করেছে।অক্টোবরে ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে শত্রুতা বৃদ্ধি পাওয়ার পর থেকে এটি ছিল ইসরায়েল-লেবানন সীমান্তে সবচেয়ে বড় ঘটনা।

## রাষ্ট্রপতি ভবনে ২ ও ৩ অগাষ্ট রাজ্যপালদের সম্মেলনে

# পৌরোহিত্য করবেন ভারতের রাষ্ট্রপতি

**নতুন দিল্লি, ৩০ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারতের রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু রাষ্ট্রপতি ভবনে ২ ও ৩ অগাষ্ট রাজ্যপালদের সম্মেলনে পৌরোহিত্য করবেন। এই প্রথম রাজ্যপালদের সম্মেলনে পৌরোহিত্য করছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সব রাজ্যের রাজ্যপাল যোগ দেবেন এই সম্মেলনে। উপস্থিত থাকবেন উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র, কৃষি, শিক্ষা, জনজাতি উন্নয়ন, তথ্য ও সম্প্রচার, পরিবেশ ও অন্য মন্ত্রীরা। এছাড়াও থাকবেন নীতি আয়োগের সিইও, প্রধানমন্ত্রীর দফতরের আধিকারিকরা, ক্যাবিনেট সচিব এবং গুরুত্বপূর্ণ নানা দফতরের সচিবরা। সম্মেলনে আলোচনা হবে নতুন ৩ টি ফৌজদারি আইনের রূপায়ণ, উচ্চ শিক্ষাক্ষেত্রে সংস্কার, আদিবাসী অঞ্চলের উন্নয়ন, 'মাইভারত' অভিযানে রাজ্যপালদের ভূমিকা, 'এক ভারত শ্রেষ্ঠ ভারত', 'এক বৃক্ষ মা কে নাম', জৈব কৃষি, রাজ্যগুলির সঙ্গে কেন্দ্রীয় নানা সংস্থার সমন্বয়ে রাজ্যপালদের ভূমিকা ইত্যাদি নিয়ে।

## ২-৭ অগাস্ট কৃষি অর্থনীতিবিদদের


# ৩২তম আন্তর্জাতিক সম্মেলন নিয়ে নতুন দিল্লিতে সাংবাদিক বৈঠক অধ্যাপক রমেশ চন্দের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অগাস্টের ২ থেকে ৭ তারিখ পর্যন্ত নতুন দিল্লির পুসা ইন্সটিটিউটে অনুষ্ঠেয় কৃষি অর্থনীতিবিদদের ৩২তম আন্তর্জাতিক সম্মেলন নিয়ে দিল্লিতে আজ সাংবাদিক বৈঠক করেন নীতি আয়োগের সদস্য অধ্যাপক রমেশ চন্দ। সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন, আইসিএআর-এর মহানির্দেশক ডঃ হিমাংশু পাঠক, দক্ষিণ এশিয়ার আন্তর্জাতিক খাদ্য ও নীতি গবেষণা সংস্থার অধিকর্তা শ্রী শহিদুর রশিদ, সম্মেলনের সচিব শ্রী পি কে জোশি এবং ডঃ প্রতাপ এস বিরথাল প্রমুখ। সাংবাদিক বৈঠকে অধ্যাপক রমেশ চন্দ বলেন, এগ্রিকালচার ইকোনমিস্ট অ্যাসোসিয়েশন বহু পুরনো সংগঠন। ভারতে এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল ১৯৫৮ সালে। ৬৬ বছর পর আবার ভারতে এই সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে। ১৯৫৮ সালে যখন এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়, তখন দেশ দারিদ্র, অনাহার প্রভৃতির মতো বহু সমস্যার বিরুদ্ধে লড়াই করছিল। এবারের সম্মেলনে প্রতিনিধি হিসেবে যাঁরা আসবেন, তাঁরা এক নতুন ভারতকে দেখতে পাবেন। দেশে এখন উন্নত ভারত নিয়ে আলোচনা হচ্ছে। ভারতে এখন মাথা পিছু আয় দাঁড়িয়েছে বার্ষিক ১২-১৩ হাজার ডলার। ২০৪৭ সালের মধ্যে এই আয়কে ১৮,০০০ ডলারে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। আমরা সেই লক্ষ্যে কাজ করে চলেছি। এখন আমাদের নজর থাকবে খাদ্য ব্যবস্থার প্রতি দৃষ্টিভঙ্গী এবং ধারাবাহিক উন্নয়নের ওপর। আগামী প্রজন্মের কথা মাথায় রেখে আমরা কাজ করবো। এবারের সম্মেলনের আলোচ্য বিষয় হল, “ট্রান্সফর্মেশন টুয়ার্ডস সাসটেনেবল এগ্রি-ফুড সিস্টেম”। অধ্যাপক রমেশ চন্দ বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই সম্মেলনের উদ্বোধন করবেন। ৯২৫ জন সম্মেলনে যোগদানের জন্য তাঁদের নাম নথিভুক্ত করেছেন। ৬০-৬৫ জন শিক্ষার্থীও সম্মেলনে যোগদানের সুযোগ পাচ্ছেন। সব মিলিয়ে ১০০০ জন সম্মেলনে উপস্থিত থাকবেন। বিশ্বের ৭৫টি দেশের প্রথম সারির বিশ্ববিদ্যালয়, কৃষি সংস্থার ৭৪০ জন সদস্য সম্মেলনে যোগ দিতে আসছেন। অধ্যাপক রমেশ চন্দ বলেন, এই সম্মেলনের জন্য কিছু লক্ষ্য স্থির করা হয়েছে। তরুণ গবেষকরা বিশ্বের বিভিন্ন দেশের প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ গড়ে তোলার সুযোগ পাবেন। কৃষি সম্পর্কিত সমস্যাগুলি অত্যন্ত জটিল হয়ে পড়েছে এবং আমাদের সেগুলির সমাধান খুঁজে বের করতে হবে। তিনি জানান, সম্মেলনে যোগদানকারীদের মধ্যে মহিলা রয়েছেন ৪৫ শতাংশ। বিশিষ্ট কৃষি অর্থনীতিবিদরা বক্তব্য রাখবেন এবং বিভিন্ন আলোচনায় অংশ নেবেন। ডঃ হিমাংশু পাঠক বলেন, এই সম্মেলন থেকে অনেক প্রত্যাশা রয়েছে। আমরা এই সম্মেলনে খাদ্য ব্যবস্থা নিয়ে আলোচনা করতে চলেছি। ৭৫টির বেশি দেশের প্রতিনিধিরা তাঁদের অভিজ্ঞতা বিনিময় করবেন। অর্থনীতির সঙ্গে যুক্ত সমস্ত বিষয় নিয়ে সম্মেলনে আলোচনা হবে। শ্রী শহিদুর রশিদ বলেন, খাদ্য ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটি একটি আন্তর্জাতিক কর্মসূচি হয়ে উঠেছে।

## সাত মাসের অন্তঃসত্ত্বা নিয়ে

# অলিম্পিকে অংশ নিলেন নাদা হাফেজ





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তিনি সাত মাসের অন্তঃসত্ত্বা। তাও তিনি অংশগ্রহণ করেছেন প্যারিস অলিম্পিকে। মহিলাদের ফেন্সিং প্রতিযোগিতায় বিশ্বের ১০ নম্বর এলিজাবেথ টারটাভসকিকে পরাজিত করে গোটা বিশ্বকে অবাক করে দেন মিশরীয় নাদা হাফেজ। কিন্তু দ্বিতীয় রাউন্ডে দক্ষিণ কোরিয়ার প্রতিপক্ষের কাছে পরাজিত হন। পরাজিত হবার পর সমাজ মাধ্যমে নাদা নিজের গর্ভস্থ অবস্থায় কথা জানিয়ে পোস্ট করেন। এই অবস্থায় ফেন্সিং এর মত খেলায় অংশগ্রহণ করার ফলে বিশ্ব ক্রীড়া মহল জুড়ে শোরগোল পড়ে যায়। অনেকেই তার লড়াকু মানসিকতার প্রশংসা করেছেন। কোরিয়ান প্রতিপক্ষের কাছে পরাজিত হলেও নাদার আগ্রাসী মনোভাব সবার নজর কেড়েছে।

২ পাতার পর

# শিয়ালদাহ দক্ষিণ শাখায় ডায়মন্ড হারবার এ নির্ধারিত সময়ে ট্রেন চলাচল না হওয়ায় সেই অভিযোগে নিত্যযাত্রীরা প্রায় ৫ ঘণ্টা রেল অবরোধ করে

অবরোধকারীদের দাবি, নির্ধারিত সময়ে ট্রেন চলাচল করতে হবে । তাঁরা জানান, আজকের এই অবরোধ কর্মসূচি দুপুর বারোটা পর্যন্ত চলবে। রেলের আধিকারিকদের সঙ্গে বেশ কয়েক দফা কথাও হয় অবরোধকারীদের । কিন্তু নিজেদের দাবিতে অনড় অবরোধকারীরা। পরে রেলের আধিকারিক দের সঠিক সময়ে ট্রেন চলাচল স্বাভাবিক হবে বলে আশ্বাস পেয়ে দুপুর থেকে পুনরায় আগেও মতো আবারও স্বাভাবিক ট্রেন চলাচল শুরু হয়। পরবর্তীতে যদি আবারও সঠিক সময়ে ট্রেন চলাচল না হয় ,আগামীতে ১২ ঘণ্টা রেল অবরোধ করবে বলে জানান নিত্যযাত্রীরা।

## ডেবরায় সামাজিক ব্যাধি ও কুসংস্কারের বিরুদ্ধে জনসচেতনতা পদযাত্রা ও পদসভা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসন ও ডেবরা ব্লকের উদ্যোগে আজ একটি গুরুত্বপূর্ণ জনসচেতনতা মিছিল ও সভা অনুষ্ঠিত হল বুধবার। এদিন এই অনুষ্ঠানে পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি প্রতিভা মাইতি এবং পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশ সুপার ধৃতিমান সরকার বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য ছিল সামাজিক ব্যাধি, বিশেষ করে বাল্যবিবাহের বিরুদ্ধে জনসাধারণকে সচেতন করা। মিছিলটি ডেবরা ব্লকের খানামোহন এলাকা পদক্ষিণ করে এবং শেষে একটি জনসভা অনুষ্ঠিত হয়। এদিন সভাধিপতি ও পুলিশ সুপার তাঁদের বক্তৃতায় সামাজিক কুসংস্কারের ক্ষতিকর প্রভাবের কথা তুলে ধরেছেন এবং সকলকে এগিয়ে এসে এই সমস্যা মোকাবিলা করার আহ্বান জানিয়েছেন।

## ১২২১ জন চিকিৎসক নিয়োগ করল ইএসআইসি দু'মাসে

**নয়াদিল্লি, ৩১ জুলাই ২০২৪ : নিউজ সারাদিন :** উন্নত চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে গত দু'মাসে এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স কর্পোরেশন (ইএসআইসি) ১,২২১ জন চিকিৎসককে নিয়োগ করেছে। এঁদের মধ্যে ৮৬০ জন জেনারেল ডিউটি মেডিকেল অফিসার, ৩৩০ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং ৩১ জন বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে নিযুক্ত হয়েছেন।

ইউপিএসসি নার্স নিয়োগের জন্য ইতোমধ্যেই পরীক্ষা নিয়েছে। এই প্রক্রিয়ায় ১,৯৩০ জন নিয়োগপত্র পাবেন। ইউপিএসসি, ইলেক্ট্রিক্যাল বিভাগে ২০ জন এবং সিভিল বিভাগে ৫৭ জনকে জুনিয়র ইঞ্জিনিয়ার হিসেবে নিয়োগের জন্য ইএসআইসি-কে সুপারিশ করেছে। সুপারিশক্রমে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারদের এ মাসেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয় শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রকের অধীনে সামাজিক সুরক্ষা নিশ্চিত করার জন্য এমপ্লয়িজ স্টেট ইনস্যুরেন্স স্কিম চালু রয়েছে। ১৯৪৮ সালের আইন অনুযায়ী, বীমাকৃত ব্যক্তি এবং তাঁদের পরিবারের সদস্যদের জন্য এর মাধ্যমে বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রদান করা হয়। ইএসআই-এর দেশজুড়ে বিভিন্ন হাসপাতাল এবং ডিসপেন্সরি থেকে এই সুবিধাগুলি পাওয়া যায়।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২০৯ সংখ্যা ০১ আগস্ট, ২০২৪ বৃহস্পতিবার ১৬ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

# প্রশ্নের মুখে শিশুদের স্বাস্থ্য

প্রশ্নের মুখে শিশুদের স্বাস্থ্য। রাজ্যের একাধিক অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নেই শৌচালয়। রাজ্য সরকারের পঞ্চায়েত দফতরের রিপোর্ট চাঞ্চল্য ফেলে দিল।সবচেয়ে খারাপ অবস্থায় রয়েছে, মুর্শিদাবাদ জেলার। এই জেলায় আইসিডিএস সেন্টারের সংখ্যা ৮ হাজার ৫৫৩। এর মধ্যে ২ হাজার ১৯টিতে কোনও শৌচালয় নেই। ২ হাজার ৪০২ টি সেন্টারে শৌচালয়ে ভগ্নপ্রায়। এগুলি সবই সরকারি ভবনে অবস্থিত।এরপরই রয়েছে বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, নদীয়া, হুগলি। একাধিক জেলার এই রিপোর্ট উঠে আসায় এবার নড়েচড়ে বসল নবান্ন। কোন সময়ের মধ্যে তা করে ফেলতে হবে তা নিয়েও স্পষ্ট নির্দেশ দেওয়া হল নবান্নের তরফে।রাজ্যের পক্ষে একটি সমীক্ষা করা হয় অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নিয়ে। আর তাতেই রাজ্যের অঙ্গনওয়াড়ি বা আইসিডিএস প্রকল্পের পরিকাঠামো নিয়ে এবার প্রশ্ন উঠল।রাজ্য সরকারের পঞ্চয়াত ও গ্রামান্নোয়ন দফতরের সমীক্ষায় দেখা গিয়েছে, ১ লক্ষ ৭ হাজার ২১১ সেন্টারের মধ্যে ২২ হাজার ১৯৫ টিতে কোনও শৌচালয় নেই। আরও ২২ হাজার ৫৯১টি সেন্টারের শৌচালয়ে ভগ্নপ্রায়, ব্যবহারের অয়োগ্য। ফলে এই সব সেন্টারের শিশুদের স্বাস্থ্য প্রশ্নের মুখে। টেন্ডার করে আগামী ১৭ সেপ্টাম্বরের মধ্যে স্বচ্ছ ভারত মিশন ও জেলায় থাকা পঞ্চদ্বশ অর্থ কমিশনের টাকায় এই সব সেন্টারের শৌচালয় তৈরি ও নিকাশী ব্যবস্থার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য জেলাশাসকদের নির্দেশ দিলেন পঞ্চায়েত ও গ্রামান্নোয়ন সচিব।

জেলাশাসকদের দেওয়া চিঠিতে রাজ্যের পঞ্চায়েত দপ্তরের সচিব পরিষ্কার করে জানিয়েছেন কবে টেন্ডার ডাকতে হবে, কত দিনের মধ্যে টেন্ডার প্রক্রিয়া শেষ করে নির্মাণের কাজে হাত দিতে হবে তার একটি দিন একটি দিনক্ষণও দিয়েছেন। তাতে ১৯ সেপ্টম্বরের মধ্যে কাজ শেষ করতে বলা হয়েছে বলেই নবান্ন সূত্রে খবর।এই রাজনীতি আমার জন্য নয়!'

সরকারি সমীক্ষায় দেখা গিয়েছে, আইসিডিএস সেন্টারগুলি বেশিরভাগই সরকারি বাড়িতে চললেও রক্ষণাবেক্ষণের অভাবে ভগ্নপ্রায় অবস্থায় রয়েছে। এই সেন্টারগুলিতে গরির ঘরের শিশুরা আসে। তাদের শিক্ষার প্রাথমিক পাঠ দেওয়ার সঙ্গে সঙ্গে স্বাস্থ্য বিশেষ করে পুষ্টির উপর নজর দেওয়া হয়।এখান থেকেই শিশু ও গর্ভবতী মায়েদের মিড ডে মিলের নামে পুষ্টিকর রান্না করা খাবার দেওয়া হয়। সেই কেন্দ্রগুলি অপুষ্টির শিকার।

# ভারতে ৪৬তম বিশ্ব হেরিটেজ কমিটির ঐতিহাসিক বৈঠক

**নয়াদিল্লি, ৩১ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বিভিন্ন ঐতিহ্যবাহী স্থল সংরক্ষণে ভারতের অঙ্গীকারের কথা ফের দৃঢ়তার সঙ্গে জানিয়েছেন। ৪৬তম ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকের সফল সমাপ্তি উপলক্ষে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে ঐতিহ্যবাহী স্থলগুলির সংরক্ষণে প্রতিবেশী দেশগুলির সঙ্গে ভারতের উদ্যোগের কথা তুলে ধরেন তিনি। এই প্রথম ২১ থেকে ৩১ জুলাই পর্যন্ত ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকের আয়োজন করেছিল ভারত। নতুন দিল্লির ভারত মণ্ডপমে ওয়ার্ল্ড হেরিটেজ কনভেনশনের সঙ্গে মিলিতভাবে এই বৈঠকের আয়োজন করা হয়েছিল। ২১ জুলাই বিশিষ্ট অতিথিদের উপস্থিতিতে ৪৬তম ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। "বিকাশ ভি, বিরাসত ভি"- তাঁর এই ভাবনাকে সামনে রেখে ইউনেসকো ওয়ার্ল্ড হেরিটেজ সেন্টারের জন্য ১ মিলিয়ন ডলারের অনুদান ঘোষণা করেন প্রধানমন্ত্রী। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী তাঁর ভাষণে বলেন, গত ১০ বছরে ভারত আধুনিক উন্নয়নের এক নতুন উচ্চতায় পৌঁছেছে। কাশী বিশ্বনাথ করিডর, অযোধ্যার রাম মন্দির, প্রাচীন নালন্দা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ক্যাম্পাসের মতো বহু ঐতিহ্যবাহী স্থলের সংরক্ষণের কথা তুলে ধরেন তিনি। সংবাদ মাধ্যমের সঙ্গে কথাবার্তার সময় শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেন, ১৯টি সাংস্কৃতিক, ৪টি প্রাকৃতিক এবং ১টি যৌথ সম্পত্তি সহ ৪৬তম ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকে ২৪টি নতুন বিশ্ব হেরিটেজ স্থলের কথা তুলে ধরা হয়েছে। আসামের মৈদাম ৪৩তম বিশ্ব ঐতিহ্যবাহী স্থলের স্বীকৃতি পেয়েছে, যা এক উল্লেখযোগ্য সাফল্য বলে মনে করা হচ্ছে। আসামের চড়াইদেও জেলায় অবস্থিত মৈদামে অহম রাজবংশের পবিত্র সমাধিস্থল রয়েছে, যা ষষ্ঠ শতকের সাংস্কৃতিক ও স্থাপত্যগত উন্নয়নের বার্তা দিচ্ছে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী জানান, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে একটি সাংস্কৃতিক সম্পত্তি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সেইসঙ্গে ভারতের প্রত্নতাত্ত্বিক সর্বেক্ষণ আইসিসিআরওএম-এর সঙ্গে চুক্তিতে আবদ্ধ হয়েছে। আন্তর্জাতিক ঐতিহ্যবাহী স্থলগুলির সংরক্ষণে ভারতের ভূমিকার কথা উল্লেখ করে শ্রী শেখাওয়াত কাম্বোডিয়ার অ্যাঙ্করভাট, ভিয়েতনামের চাম এবং মায়ানমারের স্তূপের কথা তুলে ধরেন। সাংস্কৃতিক ঐতিহ্য স্থলের সংরক্ষণে ভারতের ৫৬টি সম্পত্তির সম্ভাব্য তালিকার কথা উল্লেখ করেন তিনি। ৪৬তম ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকে সংরক্ষণ, আন্তর্জাতিক সহায়তা এবং বিভিন্ন দেশ ও সংগঠনের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সুন্দরবনের প্রথম বন্যপ্রাণ আধিকারিক হচ্ছেন এম ইউ গ্রীন সাহেব। ১৮৮৪ সালে এই পদে তিনি অধিষ্ঠিত হন।বর্তমানে ভারতীয় সুন্দরবন হচ্ছে ১০২ টি দ্বীপের সমষ্টি। এরমধ্যে ৫৪ টি দ্বীপে মনুষ্য বসতি আছে।১৭৩৭ সালের বিধবংসী প্রাকৃতিক বিপর্যয়ে, সুন্দরবন মনুষ্যহীন পরিত্যক্ত স্থান হয়ে যায়। আবার মানুষের আবাদ ধীরে ধীরে গড়ে ওঠে ১৭৭০ থেকে ১৯৩৬ এর মধ্যে। এটাই সুন্দরবনের শেষ আবাদ। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভগবান শ্রীকৃষ্ণনের অবতার যুগে যুগে



মৃত্যুঞ্জয় সরদার

(অষ্টম পর্ব)



নয়।সর্বশেষে এটাও মনে রাখা উচিত যে বা যিনি কাউকে অবতার বলে সিদ্ধান্ত করবেন, তার নিজের অবতারত্ব সিদ্ধ হয়েছে কিনা তা প্রমাণ করা প্রয়োজন। কারন সমান সমান জ্ঞানী না হলে তিনি অপরকে চিনতে পারেন না। একজন স্কুলের ছাত্র যেমন কোন কলেজের এম, এ ক্লাসের ছাত্রের জ্ঞানের পরিমাপ করতে পারেন না, সেইরূপ যে ব্যক্তি অবতার হননি, তার পক্ষে অপর কাউকে অবতার বলে আখ্যা দেয়া সম্ভব হয় না। সুতরাং কাউকে অবতার বলতে হলে যিনি অবতার বলেছেন, তিনি অবতার হয়েছেন কিনা পূর্বে তাই জানা দরকার।আবার যিনি বলেছেন তাকে অবতার বলে প্রমাণ করবার জন্য অপর একজন তৃতীয় ব্যক্তিরও প্রয়োজন। এভাবে অবতারত্ব অসিদ্ধ হয়ে পড়ে। পবিত্র বেদ, উপনিষদ এবং বৈদিক গ্রন্থে অবতারবাদের কোন প্রমাণ নেই, এটা সকল সনাতনী ধর্মাবলম্বী মানুষের জ্ঞান করা একান্ত উচিত। সেই লক্ষ্যে

সত্য, ত্রেতা, দ্বাপরের শেষে কলিযুগের আগমন। এভাবে ঘড়ির কাঁটার মতো এ চার যুগ অনাদিকাল ধরে পালাক্রমে আবর্তিত হয়ে আসছে। বর্তমানে আমরা বৈবস্বত মনুর আয়ুষ্কালে অষ্টাবিংশতি চতুর্যুগের শেষে যে দ্বাপরযুগ তার পরবর্তী কলিযুগে অবস্থান করছি। এ চার যুগে ভগবান তাঁর বিভিন্নরূপে আবির্ভূত হয়ে লীলাবিলাস করছেন। ভগবানের ছয়প্রকার অবতার, তার মধ্যে একটি হচ্ছে লীলাবতার। লীলা অবতার গণের মধ্যে কল্কি অবতার অন্যতম। চার যুগ অন্তর অন্তর কল্কি অবতার কলিযুগের শেষে এবং পুনরায় সত্যযুগের প্রারম্ভে আবির্ভুত হন। এরই ধারাবাহিকতায় এই কলিযুগেও কল্কি অবতার যথাসময়ে আবির্ভূত হবেন, তাই শাস্ত্রে বর্ণিত আছে। কিন্তু সম্প্রতি ভগবানের অবতার হওয়ার প্রতিযোগিতা চলছে। ভগবানের অবতরণের সুযোগ নিয়ে অনেকেই অবতার হতে চাচ্ছেন বা তার অনুগামীরা

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# জরুরি অবস্থার মেয়াদ আরও ৬ মাস বাড়ালো মিয়ানমার জান্তা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মিয়ানামারে জরুরি অবস্থার মেয়াদ আরও ছয় মাসের জন্য বাড়িয়েছে দেশটির জান্তা সরকার। দেশটির বেশ কয়েকটি প্রদেশে এরই মধ্যে দুর্বল হয়ে পড়েছে জান্তা বাহিনী। ক্ষমতা ধরে রাখাই এখন তাদের জন্য চ্যালেঞ্জিং। দীর্ঘদিন ধরে চলা সংঘাতের কারণে সংকটে পড়েছে মিয়ানমারের অর্থনীতিও।

গণমাধ্যমের খবরে বলা হয়েছে, ন্যাশনাল ডিফেন্স ও সিকিউরিটি কাউন্সিল জরুরি অবস্থার সময় বাড়িয়েছে। ভোটার লিস্ট তৈরিতে তথ্য সংগ্রহের জন্য সেনাবাহিনীকে আরও সময় দিতেই এই সময় বাড়ানো হয়েছে। জান্তা সরকার জানিয়েছে, আগামী বছর তারা নির্বাচনের আয়োজন করবে।

এর আগেও বেশ কয়েকবার নির্বাচন দেওয়ার কথা বলেছেন জান্তা প্রধান মিন অং হ্লাইং। জুনেও তিনি বলেছিলেন, ২০২৫ সালে নির্বাচন অনুষ্ঠিত হবে।

অং সান সুচিকে হটিকে ২০২০ সালে এক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করে মিয়ানমারের সেনাবাহিনী। এরপর থেকেই দেশটিতে সংঘাত ছড়িয়ে পড়ে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে প্রথম এক বছরের জন্য জরুরি অবস্থা জারি করে জান্তা সরকার। এরপর থেকে দফায় দফায় ছয় মাস করে মেয়াদ বাড়ানো হচ্ছে।

# ইসমাইল হানিয়ার হত্যাকাণ্ডের জবাব দেওয়া হবে : হামাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফিলিস্তিনি আন্দোলনের প্রধান ইসমাইল হানিয়ার হত্যাকাণ্ড 'বিনা উত্তর দিয়ে ছেড়ে দেওয়া হবে না'। এর জবাব দেওয়া হবে। বুধবার (৩১ জুলাই) হামসের এক উর্ধ্বতন কর্মকর্তা এ কথা বলেছেন। হামসের রাজনৈতিক ব্যুরো সদস্য মুসা আবু মারজুক এক বিবৃতিতে বলেছেন, 'হামাস নেতা ইসমাইল হানিয়ার হত্যাকাণ্ড একটি কাপুরুষোচিত কাজ। বিনা জবাব দিয়ে আমরা তা ছেড়ে দেব না।'

বুধবার হামাস জানিয়েছে, তাদের রাজনৈতিক নেতা ইরানে নতুন প্রেসিডেন্টের অভিষেক অনুষ্ঠানে গিয়েছিলেন। অনুষ্ঠানের পর তিনি যে ভবনে অবস্থান করছিলেন সেখানে ইহুদিবাদীদের হামলায় তিনি নিহত হয়েছেন । হামাস ইসরায়েলি দখলদার বাহিনীকে হানিয়ার হত্যার জন্য দায়ী করেছে। এদিকে ইসরায়েলি সেনাবাহিনী এ বিষয়ে কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছে। কিন্তু ইসরায়েলেন প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গ্যালান্ট একটি সামরিক ঘাঁটি পরিদর্শনের সময় বলেছেন, আমরা যুদ্ধ চাই না। তবে আমরা সব ধরনের পরিস্থিতির জন্য প্রস্তুতি নিচ্ছি।'

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস জানিয়েছে, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। হানিয়ার মৃত্যুতে ইরানে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে।

হামাস জানিয়েছে, বৃহস্পতিবার ইরানে জানাজার পর হানিয়ার মরদেহ কাতারে স্থানান্তর করা হবে। শুক্রবার (২ আগস্ট) কাতারের রাজধানীতে তাকে দাফন করা হবে।

# সিনেমার খবর

## নোরার দুর্দশা!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বর্তমানে বলিউডের অতি পরিচিত মুখ নোরা ফাতেহি। একাধিক ছবিতে তার নাচ নজর কেড়েছে দর্শকের। নাচের রিয়্যালিটি শোয়ে বিচারকের আসনেও জায়গা পেয়েছেন নোরা। কিন্তু মুম্বাই শহরে এসে ক্যারিয়ার গড়ার পথ খুব সহজ ছিল না। কানাডা থেকে মুম্বাই এসে নিজের ভিত তৈরি করতে বেশ কাঠখড় পোড়াতে হয়েছিল নোরাকে।

ভারতীয় সংবাদমাধ্যমকে নোরা বলেন, 'পকেটে মাত্র পাঁচ হাজার রুপি নিয়ে ভারতে এসেছিলাম আমি।' ভারতে এসে একটি তিন কামরার ফ্ল্যাটে উঠেছিলেন নোরা। তিনি বলছেন, 'তিন কামরার সেই ফ্ল্যাটে নয়জন মানসিকভাবে অসুস্থ মানুষের সঙ্গে থাকতাম আমি। আমার ঘরে আরও দু'টি মেয়ে থাকত। সেই সময় ভাবতাম, এ আমি কোথায় এসে পড়লাম! এখনও ভাবলে ভয় লাগে।'

খাওয়াদাওয়ার সঙ্গেও সেই সময় আপস করতে হয়েছিল নোরাকে। খাবার বলতে ছিল শুধু ডিম আর পাউরুটি। যা রোজগার হত, তার অধিকাংশই দিয়ে দিতে হত তাঁর 'ট্যালেন্ট এজেন্সি'কে। নোরার কথায়, 'খুব কঠিন সময় ছিল সেটা। এই লড়াইও খুব কষ্টের ছিল।'

সম্প্রতি এক সাক্ষাৎকারে নোরা জানান, নিজের লড়াই নিয়ে তিনি একটি তথ্যচিত্র তৈরি করতে চান। তিনি বলেন, 'কী ভাবে নোরা নামে এক সাধারণ মেয়ে বলিউডে এল এবং হিন্দি ভাষা শিখল সমস্ত বাধা অতিক্রম করে, তা নিয়ে তথ্যচিত্র বানাতে চাই। তাকে লোকে বলেছিল, সে কিছুই করতে পারবে না। কিন্তু, সকলকে মিথ্যে প্রমাণ করে আজ সে বিশ্বের পরিচিত তারকা। এটাই আমার গল্প। সত্যিই তথ্যচিত্র বানানোর মতো কাহিনি।'

## তাপসী পান্নু আসছেন চমক নিয়ে



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নেটফ্লিক্সে আসছে 'হাসিন দিলরুবা'র পরের কিস্তি। ২০২১ সালে নেটফ্লিক্সে স্ট্রিমিংয়ের পর হিন্দি রোমান্টিক থ্রিলার এ সিনেমা রীতিমতো ঝড় তুলেছিল ওটিটিতে। এ বছর আসছে সিনেমার সিকুয়াল 'ফির আয়ে হাসিন দিলরুবা'। গতকাল বৃহস্পতিবার মুক্তি পেয়েছে সিনেমার ট্রেলার। ট্রেলার থেকে বোঝা যাচ্ছে আগের গল্প যেখানে শেষ হয়েছিল সেখান থেকেই শুরু হচ্ছে এবারের গল্প। রানী চরিত্রে ফিরছেন তাপসী পান্নু। সেই সঙ্গে নতুন মুখ হিসেবে সানি কৌশলকেও দেখা যাবে এবারের গল্পে। ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সের তরফ থেকে এদিন ট্রেলার প্রকাশিত হয়। ক্যাপশনে লেখা হয়, 'ভালোবাসা, ন্যায় আর প্রতিশোধ হয়ে যাক?' 'ফির আয়ি হাসিন দিলরুবা' এই রহস্যের সমাধান করতে আসছে ৯ অগস্ট, নেটফ্লিক্সে।

প্রথম অধ্যায়ের নীল বিষ্ণুর প্রেম দর্শকের মন কেড়েছিল। খলনায়ক নীল ত্রিপাঠীকে সরিয়ে ফের একবার কাছাকাছি আসতে চলেছে রানি আর ঋষু। নিজের ভালোবাসার জন্য যতদূর যেতে হয়, তার জন্য প্রস্তুত ঋষু। অবশেষে পরিণতি কী হল? সেই উত্তর দর্শকরা পাবেন দ্বিতীয় অধ্যায়ে।

ওয়েব ফিল্মটি পরিচালনা পরিচালনা করেছেন জয়প্রদ দেশাই ও আগের বরের মতোই চিত্রনাট্যের দায়িত্বে রয়েছেন কণিকা ধিলন। প্রযোজনা করেছে পরিচালক আনন্দ এল রাইয়ের সংস্থা ইয়ালো প্রোডাকশন ও ভূষণ কুমারের টি-সিরিজ।

## কেন বিষাক্ত মানুষদের ছেঁটে ফেলতে বললেন পরিণীতি?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বিনোদন জগতে বিচ্ছেদের সুর। এক দিকে হার্দিক পান্ডিয়া ও নাতাশা স্তানকোভিচের বিচ্ছেদে স্তব্ধ তাদের অনুরাগীরা। বলিউডের অন্যতম 'পাওয়ার কাপল' মালাইকা অরোরা ও অর্জুন কাপুরও সম্পর্কে ইতি টেনেছেন। আবার ঐশ্বরিয়া রাই বচ্চন ও অভিষেক বচ্চনের বিচ্ছেদের জল্পনাও চলছে বেশ কিছু দিন ধরে। এর মধ্যেই পরিণীতি চোপড়ার এক 'রহস্যময়' পোস্ট ঘিরে জল্পনা শুরু হয়েছে।

নিজের একটি ছোট ভিডিও পোস্ট করে তার ক্যাপশনে পরিণীতি লিখেছেন, "এই মাসে আমি নিজের জীবনকে আরও একটু ভাল করে দেখার জন্য থেমেছি। আবারও বুঝেছি, একজনের মানসিকতাই সব। অপ্রয়োজনীয় বিষয়ে গুরুত্ব দেওয়ার কোনও প্রয়োজন নেই। এর জন্য এক সেকেন্ড সময়ও নষ্ট করবেন না। সময় কিন্তু বয়ে চলেছে। প্রতিটি মুহূর্ত কীভাবে কাটাবেন, তা আপনার উপরেই নির্ভর করছে। অন্য কারও জন্য বাঁচা বন্ধ করুন। নিজের মানসিকতার সঙ্গে মেলে, এমন মানুষ খুঁজে নিন। বিষাক্ত মানুষদের জীবন থেকে ছেঁটে ফেলতে ভয় পাবেন না।"

পরিণীতি আরও বলেন, "অন্যরা কী ভাবছেন, তা নিয়ে ভাবা বন্ধ করুন। কোনও পরিস্থিতিতে আপনার প্রতিক্রিয়ার বদলান। জীবনে সময় কিন্তু সীমিত। তাই নিজে যেমন চান, তেমন ভাবেই বাঁচুন।"

পরিণীতির এই পোস্ট দেখে অনুরাগীদের প্রশ্ন, কার উদ্দেশে এসব লিখেছেন অভিনেত্রী? কেউ কেউ আবার শঙ্কা প্রকাশ করে মন্তব্য করেছেন, "সব ঠিক আছে তো? আমরা সব সময় আপনার পাশে আছি।"

উল্লেখ্য, ২০২৩-এর সেপ্টেম্বরে আম আদমি পার্টির নেতা রাঘব চড্ডাকে বিয়ে করেন পরিণীতি। এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানিয়েছিলেন, রাঘবের সঙ্গে দেখা হওয়ার কয়েক মিনিটের মধ্যেই বুঝতে পেরেছিলেন, এই রাজনীতিবিদকেই তিনি বিয়ে করতে চান।

## টুইঙ্কলের জন্য অক্ষয়কে পছন্দ ছিল না ডিম্পলের, কী বলেছিলেন মেয়েকে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের অন্যতম তারকা জুটি অক্ষয় কুমার ও টুইঙ্কল খান্নার শুরুটা খুব সহজ ছিল না। জামাই হিসেবে নাকি মোটেই অক্ষয়কে পছন্দ ছিল না টুইঙ্কলের বাবা রাজেশ খান্না ও মা ডিম্পল কাপাডিয়ার। তবে সময়ের সঙ্গে সঙ্গে তাদের মনে জায়গা করে নিতে থাকেন অক্ষয়।

এক সাক্ষাৎকারে ডিম্পল তার জামাই সম্পর্কে বলেন, 'প্রথম দিকে, অক্ষয়ের সঙ্গে আমার মেয়ের বিয়ে নিয়ে আমি একটু চিন্তায় ছিলাম। কিন্তু ঈশ্বরকে অসংখ্য ধন্যবাদ যে টুইঙ্কল বিয়েটা অক্ষয়কেই করেছে। খুবই শৃঙ্খলাপরায়ণ ও। এই দিক থেকে যেকোনো নতুন অভিনেতা ওর মতো হতে চাইবে। মানুষ হিসেবেও ও অসাধারণ।'

টুইঙ্কলের মা আরও বলেন, 'আমি ওকে বহু মানুষের সঙ্গে কথা বলতে দেখেছি। গল্প করেই মানুষের মন ভালো করে দিতে পারে ও। কিন্তু ও ভীষণ দুষ্টুও। ওর যত দুষ্টামি আমার সঙ্গে।'

অক্ষয়ের সঙ্গে সম্পর্ক নিয়ে মায়ের থেকে বেশ কিছু পরামর্শ পেয়েছেন টুইঙ্কলও। অক্ষয় যখন টুইঙ্কলকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন, মা হিসেবে একটি বিশেষ পরামর্শ দিয়েছিলেন ডিম্পল। টুইঙ্কল এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, অক্ষয় তাকে বিয়ের প্রস্তাব দেওয়ার পরেই ডিম্পল বলেছিলেন,৩এভাবে হবে না। আগে দু'বছর একসঙ্গে থাকো তোমরা। যদি দেখ মানিয়ে নিতে পারছ, তবেই বিয়ে করবে।'

## চোটজর্জর বার্সাকে
# নিয়ে চিন্তিত ফ্লিক

**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : নতুন কোচের অধীনে নতুন মৌসুম শুরু করতে যাচ্ছে ফুটবল ক্লাব বার্সেলোনা। শুরুতেই কঠিন প্রতিকূলতার মুখোমুখি নতুন কোচ হ্যান্সি ফ্লিক। দলের বেশ কয়েকজন লড়ছেন চোটের বিরুদ্ধে। যা নিয়ে কিছুটা শঙ্কার কথা জানিয়েছেন জার্মান এই কোচ।

গত মৌসুমে ট্রফিশূন্য ছিল বার্সেলোনা। অনেক নাটকের পর বরখাস্ত করা হয় শাভি এর্নান্দেসকে। নতুন মৌসুমকে সামনে রেখে বার্সার দায়িত্ব পান সাবেক বায়ার্ন মিউনিখ কোচ ফ্লিক।

নতুন চ্যালেঞ্জ শুরুর আগেই অবশ্য ফ্লিকের কপালে দেখা দিয়েছে দুশ্চিন্তার ভাজ। বেশ কয়েকজন ফুটবলারের ইনজুরিতে। আগের মৌসুম থেকেই চোটে ভুগছেন গাভি ও ডি ইয়ং। ইউরো চলার সময় ইনজুরিতে পড়েছেন পেদ্রি। কোপা আমেরিকায় চোট পেয়েছেন রোনাল্ড আরাহো। দুজনের ফিরতেই অনেকটা সময় লাগবে। দুদিন আগে এই তালিকায় যোগ হয়েছেন ব্রাইটন থেকে কাম্প ন্যুতে ফেরা আনসু ফাতি।

মৌসুম শুরুর আগে দলের ফুটবলারদের এমন ইনজুরি নিয়ে চিন্তা ফুটে উঠল ফ্লিকের কথায়।

'ফুটবলারদের এমন ইনজুরি আসলেই দুঃখজনক। বিশেষ করে ফাতি তার শুরুর দিনগুলোতে দুর্দান্ত ছিল। সে ফিট হিসেবেই অনুশীলন করছিল। প্রাক মৌসুমে তাকে না পাওয়াটা দুর্ভাগ্যজনক। অন্য ফুটবলারদের ইনজুরিও আমাদের জন্য ভালো কিছু নয়। তবে এসব কিছু মেনে নিয়েই এগিয়ে যেতে হবে। আশা করি ফাতিসহ অন্যরা দ্রুতই ভালোভাবে ফিরে আসবে।'

এবারের ইউরোর অন্যতম সেরা পারফর্মার ছিলেন বার্সার ১৭ বছর বয়সী লামিন ইয়ামাল। ফ্লিকের বিশ্বাস, এবারের মৌসুমে দারুণ ফর্ম ধরে রাখবেন এই তরুণ।

'সে গত মৌসুম থেকেই দুর্দান্ত খেলছে। এখন সে অনেক উন্নতিও করেছে। ইউরোতে সে যা করেছে সেটা অবিশ্বাস্য। তবে বড় মাপের ফুটবলার হলে তাকে এই ফর্ম ধরে রাখতে হবে। আশা করছি সে মাটিতে পা রেখেই এগিয়ে যাবে। সে দারুণ একজন মানুষ। তার সাথে আমার কথাও হয়েছে। আশা করছি ক্লাবের হয়ে দুর্দান্ত এক সময় কাটবে সামনের মৌসুমের।'

## একশ মাইলে বল করবেন উড, বিশ্বাস স্টোকসের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : টেস্ট ক্রিকেটে বিশ্বের প্রথম বোলার হিসেবে ঘণ্টায় ১০০ মাইল বা ১৬১ কিলোমিটার গতিতে বল করতে পারবেন ইংল্যান্ডের পেস বোলার মার্ক উড, এমন বিশ্বাস দলটির অধিনায়ক বেন স্টোকসের। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টেস্টে ডারহাম-সতীর্থর গতির ঝড় তোলা দেখার পর এমন মন্তব্য করেন তিনি। ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিন ম্যাচের টেস্ট সিরিজে ২-০-তে এগিয়ে আছে ইংল্যান্ড। ট্রেন্ট ব্রিজে দ্বিতীয় টেস্টে ২৪১ রানে হারানোর ম্যাচে ৩৪ বছর বয়সী উড নেন মাত্র দুটি উইকেট। তবে এক প্রান্তে গতির ঝড় তুলে অন্য প্রান্তে উইকেট নিতে অন্যদের সহায়তা করেন। বিশেষ করে দ্বিতীয় ইনিংসে অফ স্পিনার শোয়েব বশির নেন ৪১ রানে ৫ উইকেট। ম্যাচে উডের সর্বোচ্চ গতি ছিল ঘণ্টায় ৯৭.১ মাইল। তার বাউন্সার সামলাতে গিয়ে হাত ভেঙেই গেছে কেভিন সিনক্লেয়ারের। ফলে এজবাস্টনে আজ শুরু হওয়া তৃতীয় টেস্টে খেলতে পারছেন না তিনি। এই ম্যাচের আগে স্টোকস বলেছেন, ঘণ্টায় ১০০ মাইল বেগে বোলিং করার সামর্থ্য মার্ক উডের আছে। তবে সে এটা নিয়ে চিন্তিত নয়, 'আমার মনে হয় না সে এটি (১০০ মাইল বেগে বোলিং) নিয়ে খুব একটা চিন্তিত। তাকে দেখে মনে হচ্ছে, সে এটার আরও কাছে চলে যাচ্ছে। কিন্তু আমি আসলে সে এখন যা করছে, সত্যি বলতে তা নিয়েই খুশি। এমন গতি ধরে রাখাটা দুর্দান্ত। সে যখনই টেস্ট ম্যাচ খেলে, তার গড় গতি ঘণ্টায় ৯০ মাইলের ওপর থাকে।'

ক্রিকেটের বনেদি ফরম্যাটে সর্বোচ্চ গতির বলের রেকর্ড অস্ট্রেলিয়ার পেসার মিচেল স্টার্কের। ২০১৫ সালে নিউজিল্যান্ডের বিপক্ষে ৯৯.৬ মাইল বা প্রায় ১৬০.৩ কিলোমিটার গতিতে বল করেছিলেন বাঁহাতি এই পেসার। আন্তর্জাতিক ক্রিকেটে একশ মাইল গতিতে বোলিং করার কৃতিত্ব একমাত্র শোয়েব আখতারের দখলে। 'রাওয়ালপিন্ডি এক্সপ্রেস' খ্যাত পাকিস্তানের এই গতি তারকা ২০০৩ বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে ১০০.২ মাইল গতিতে বোলিং করে বিশ্বরেকর্ড গড়েন। সতীর্থের প্রশংসায় স্টোকস আরও বলেন, 'ম্যাচ চলাকালীন উড সবসময়ই পর্দায় দেখে নেয় সে কত গতিতে বল করছে। সে জানে, সে শুধু দক্ষতার সঙ্গে বোলিং করার জন্য নয় কিন্তু দ্রুতগতিতে বোলিং করার জন্যও দলে আছে। একটা স্পেলে ৯০-এর বেশিতে করাটা ভালো কিন্তু সে ইংল্যান্ডের হয়ে প্রতিটি স্পেলেই ঘণ্টায় ৯০ মাইলের বেশি গতি তোলে। তার সিংহ হৃদয়। স্পেলের পর স্পেল, বলের পর বল করে যায়। কত গতি তুলছে, সেটি সব সময়ই উড খেয়াল করে বড় পর্দায়। সে জানে, সে শুধু দক্ষতার সঙ্গে বোলিং করার জন্য নয় কিন্তু দ্রুতগতিতে বোলিং করার জন্যও দলে আছে।'

উডের ৩৫ টেস্টের ক্যারিয়ারে চোটের আঘাত কম আসেনি। তবে এই মুহূর্তে তাঁর বোলিং নিয়ে দারুণ খুশি স্টোকস, 'আমাদের যা আছে, সেটি উদ্‌যাপন করা উচিত। তার সিংহ-হৃদয়। স্পেলের পর স্পেল, বলের পর বল করে যায়। সে যখন বোলিং করে, পুরো ম্যাচই বদলে যায়। তার নাম উচ্চারণ করার সঙ্গে দর্শকেরা উল্লাস করে ওঠে। আর বড় পর্দায় যখনই গতি দেখানো হয়, সবাই আরও উজ্জীবিত হয়।'

## প্রতিপক্ষের প্রস্তুতি জানতে
# ড্রোন উড়িয়ে বহিষ্কার কানাডা কোচ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : কানাডা সকার অ্যাসোসিয়েশন (সিএসএ) গতকাল বৃহস্পতিবার রাতে দেশের নারী অলিম্পিক ফুটবল দলের প্রধান কোচ পদ থেকে বেভ প্রিস্টম্যানকে ছাঁটাই করেছে। প্যারিস অলিম্পিকে কানাডার নারী ফুটবল দল আসার আগেও ড্রোন চালিয়ে গুপ্তচরবৃত্তির প্রমাণ পাওয়ায় এ সিদ্ধান্ত নিয়েছে সিএসএ।

অনাকাঙ্ক্ষিত এই ঘটনার শুরু গত সোমবার, নিউজিল্যান্ডের বিপক্ষে আসরে নিজেদের প্রথম ম্যাচের দুই দিন আগে। প্রতিপক্ষের অনুশীলনের সময় সেখানে ড্রোন ওড়ানোর অভিযোগ ওঠে কানাডা দলের স্টাফদের ওপর।

নিউজিল্যান্ডকে ২-১ গোলে হারিয়ে মুকুট ধরে রাখার অভিযান শুরু করেছে টোকিও অলিম্পিকসের সোনাজয়ীরা। সমালোচনার মুখে এই ম্যাচে স্বেচ্ছায় ডাগআউটে ছিলেন না প্রিস্টমান।

সিএসএ প্রধান নির্বাহী কেভিন ব্লু বলেছেন, 'গত ২৪ ঘণ্টায় আমাদের কাছে অতিরিক্ত এ তথ্য এসেছে যে প্যারিস অলিম্পিকের আগেও ড্রোন চালিয়ে প্রতিপক্ষের বিপক্ষে গুপ্তচরবৃত্তি করা হয়েছে। নতুন এ তথ্যের ভিত্তিতে কানাডা সকার নারী জাতীয় ফুটবল দলের প্রধান কোচ বেভ প্রিস্টম্যানকে প্যারিস অলিম্পিকের বাকি সময় এবং সম্প্রতি ঘোষিত স্বতন্ত্র পুনর্মূল্যায়ন শেষ হওয়ার আগপর্যন্ত সাসপেন্ড করার সিদ্ধান্ত নিয়েছে।'

নিজের এমন কাণ্ডের জন্য দলের খেলোয়াড়দের কাছে ক্ষমা চেয়েছেন প্রিস্টমান। তিনি বলেন, 'এটা আমাদের দলের মূল্যবোধের পরিচায়ক নয়। এর সবটুকু দায় একান্তই আমার।'

বিশ্ব ফুটবলের সর্বোচ্চ নিয়ন্তা সংস্থা ফিফা ওই ঘটনায় কানাডা ফুটবল সংস্থা, প্রিস্টমান ও কানাডা ফুটবলের দুই স্টাফ সদস্যের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া শুরু করেছে। ওই দুই স্টাফকেও অলিম্পিক অভিযান থেকে সরিয়ে নেওয়া হয়েছে।

## অসুস্থতার কারণে অলিম্পিক থেকে
# নাম প্রত্যাহার করে নিয়েছেন শীর্ষ র‍্যাঙ্কধারী সিনার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : টনসিল সমস্যায় অসুস্থ হয়ে পড়ায় প্যারিস অলিম্পিকে পুরুষ টেনিস ইভেন্ট থেকে নাম প্রত্যাহার করে নিয়েছেন বিশ্ব র‍্যাঙ্কিংয়ের নাম্বার ওয়ান খেলোয়াড় ইয়ানিক সিনার।

অলিম্পিকে খেলতে না পারায় হতাশা প্রকাশ করে ২২ বছর বয়সী ইতালিয়ান সিনার এক বিবৃতিতে বলেছেন, 'চিকিৎসকের সাথে মঙ্গলবার কথা হয়েছে। তিনি আমাকে একদিন বেশী সময় দিয়েছিলেন। কিন্তু দূর্ভাগ্যবশত: সমস্যাটা আরো বেড়েছে। অলিম্পিকে ইতালিয়ান দলের হয়ে কোর্টে নামতে চেয়েছিলাম। কিন্তু আমাকে আরো কিছুদিন অপেক্ষা করতে হবে। মেডিকেলে টিমের পরামর্শ অনুযায়ী এখন আমাকে পরিপূর্ণ বিশ্রামে থাকতে হবে। আমি অলিম্পিকে অংশ নেয়া পুরো ইতালিয়ান দলকে শুভকামনা জানাতে চাই। আশা করছি ভবিষ্যতে আরো শক্তিশালী হয়ে গেমসে অংশ নিতে পারবো।'

সিনার জানিয়েছেন এবারের মৌসুমে অলিম্পিকে খেলার লক্ষ্যস্থির করেছিলেন তিনি। একক ছাড়াও দ্বৈতে লোরেঞ্জো মুসেত্তির সাথে তার কোর্টে নামার কথা ছিল। উইম্বলডন সেমিফাইনালিস্ট মুসেত্তি এখন ডাবলসে লুসিয়ানো ডারডেরি অথবা মাত্তেও আরনালডিকে নিয়ে খেলতে নামবেন।

সিনারের স্থানে পুরুষ এককের ড্রতে বিশ্বের ২০৬ নম্বর র‍্যাঙ্কধারী আন্দ্রে ভাভাসোরির স্থলাভিষিক্তের বিষয়টি নিশ্চিত করেছে ইতালিয়ান গণমাধ্যম।

সিনারের বিদায়ে ইতালির পদক প্রাপ্তির বড় আশা শেষ হয়ে গেল।

গত বছর নভেম্বরে এটিপি ফাইনালে নোভাক জকোভিচের কাছে হেরে রানার-আপ হবার পর নিজেকে দারুনভাবে সমৃদ্ধ করেছেন সিনার। এ বছরের শুরুতে অস্ট্রেলিয়ান ওপেনের মাধ্যমে ক্যারিয়ারের প্রথম গ্র্যান্ড স্ল্যাম জয় করেন। ফ্রেঞ্চ ওপেনের সেমিফাইনালে খেলার পর বিশ্ব র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থান নিশ্চিত করেন। এ বছর মিয়ামিতে মাস্টার্স ১০০০ শিরোপাসহ আরো তিনটি টুর্নামেন্টে শিরোপা জিতেছেন। কোমরের ইনজুরির কারনে মাদ্রিদ ওপেনের কোয়ার্টার ফাইনালের আগে নাম প্রত্যাহার করে নেন। এরপর রোমেও খেলতে পারেননি সিনার।

## অস্ট্রেলিয়ায় ২০২৫-২৬ এ্যাশেজ
# খেলতে চান আরচার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : পিঠে এবং কনুই ইনজুরির কারণে গত তিন বছর যাবত টেস্ট ক্রিকেট থেকে দূরে আছেন ইংল্যান্ড পেসার আরচার। ২০২১ সালের ফেব্রুয়ারি থেকে লংগার ভার্সন খেলছেন না তিনি। তবে সংক্ষিপ্ত ভার্সন দিয়ে আবারো মাঠে ফেরা এ পেসার আবারো টেস্ট ক্রিকেটে ফিরতে চান। অস্ট্রেলিয়ার মাটিতে অনুষ্ঠেয় ২০২৫-২৬ এ্যাশেজে খেলতে চান আরচার। সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে ইংল্যান্ড দলের সদস্য ছিলেন আরচার। যা থেকে আবারো টেস্ট ক্রিকেটে ফেরার বিষয়ে আশান্বিত তিনি। অস্ট্রেলিয়ার মাটিতে বাউন্সি পিচে ইংল্যান্ড অধিনায়ক বেন স্টোকসের বড় সম্পদ হবেন আরচার।

ইংল্যান্ড আরচারের কাজের চাপ কমানোর বিষয়ে সতর্ক থাকবে এবং ২০২৪ সালে লাল বলের ক্রিকেট খেলবেন না তিনি।

আগামী এ্যাশেজ ট্যুর সম্পর্কে আলোচনায় আরচার বলেন, 'অন্তত একটা সম্ভাবনা নিশ্চিত করতে আমি এ বছর বিশ্রামে থাকছি। আশা করছি পরবর্তী এ্যাশেজ খেলবো।'

২০২১ ওয়ানডে বিশ্বকাপ জয়ী ইংল্যান্ডের হয়ে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করেন আরচার। ইংল্যান্ডের ম্যানেজিং ডিরেক্টর রব কি গত এপ্রিলে বলেছেন, আগামী বছর নিজ মাঠে ভারতের বিপক্ষে টেস্ট সিরিজ হভে আরচারের জন্য বাস্তব সম্মত লক্ষ্য। পরবর্তী গ্রীষ্মে প্রথম শ্রেনীর ক্রিকেট খেলার ইচ্ছেও প্রকাশ করেন আরচার। বিষয়টি ব্যাখ্যা করে তিনি বলেন, 'আগামী বছর চ্যাম্পিয়ন্স ট্রফির আগে আমি অন্তত নিজেকে ফিট করার সর্বোচ্চ চেষ্টা করব।'

# পাকিস্তান নিরাপদ নয়: হরভজন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ভারত ক্রিকেট দলের পাকিস্তানে পা না রাখার দেড় দশকের বেশি পেরিয়ে গেছে। পাকিস্তান যদিও এর মধ্যে ভারতের মাটিতে বিশ্বকাপ খেলতে গেছে। ভারতের ক্রিকেটের নীতিনির্ধারকরা নিরাপত্তাজনিত কারণ দেখিয়ে ২০০৮ সালের পর আর পাকিস্তানে দল পাঠাতে রাজি হননি। এবার হরভজন সিংও যোগ দিলেন সেই দলে। সাবেক ভারতীয় এই ক্রিকেটার মনে করেন, ভারতীয় দলের পাকিস্তানে যাওয়া নিরাপদ নয়।

গত বছর এশিয়া কাপ খেলতে বাবর আজমদের দেশে যায়নি ভারত। আগামী চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক দেশটিকে ফের চিন্তায় ফেলে দিয়েছে প্রতিবেশী রাষ্ট্র। আইসিসির কাছে এই টুর্নামেন্টের খসড়া সূচি জমা দিয়ে ফেলেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। সেখানে নিরাপত্তার কথা মাথায় রেখে ভারতের সব খেলা লাহোরেই রেখেছে তারা। কিন্তু বিসিসিআইয়ের কর্মকর্তাদের থেকে এবারও পাকিস্তানে না যাওয়ার ইঙ্গিত মিলেছে। বৃহস্পতিবার ভারতের ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থার এমন পদক্ষেপে সহমত জানিয়েছেন হরভজন। ভারতের হয়ে তিনশর বেশি আন্তর্জাতিক ম্যাচ খেলা এই অফ স্পিনার স্থানীয় একটি গণমাধ্যমকে বলেছেন, 'কেন ভারতীয় দলের পাকিস্তানে যাওয়া উচিত? নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তা আছে পাকিস্তানে। পাকিস্তানের পরিস্থিতি এমন যে, প্রায় প্রতিদিনই সেখানে দুর্ঘটনা ঘটে। আমার মনে হয় না ভারতের সেখানে যাওয়া নিরাপদ হবে। বিসিসিআইয়ের অবস্থান সম্পূর্ণ সঠিক এবং আমাদের খেলোয়াড়দের নিরাপত্তার চেয়ে বড় কিছুই হতে পারে না। আমি বিসিসিআইয়ের অবস্থানকে সমর্থন করি।'

একই রকম পরিস্থিতি গত বছর দেখা গিয়েছিল। সেবারও হরভজন ভারতীয় দলকে এশিয়া কাপের জন্য পাকিস্তানে না পাঠানোর সিদ্ধান্তে সমর্থন জানিয়েছিলেন। ২০২৩ সালের এশিয়া কাপ শেষমেশ হাইব্রিড মডেলে হয়েছিল। যে উপায়ে ভারতের সবগুলো খেলা অনুষ্ঠিত হয়েছিল শ্রীলঙ্কায়। এরপর ভারতের মাটিতে আয়োজিত ওয়ানডে বিশ্বকাপে যদিও পাকিস্তান খেলতে গিয়েছিল। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে শুরু হতে যাওয়া চ্যাম্পিয়ন্স ট্রফির আয়োজক পাকিস্তান। চিরপ্রতিদ্বন্দী দুই দেশের মধ্যে সর্বশেষ দ্বিপক্ষীয় সিরিজটি অনুষ্ঠিত হয়েছে ২০১৩ সালে ভারতের মাটিতে। রাজনৈতিক কারণে তাদের ক্রিকেটীয় সম্পর্ক নড়বড়ে আরও আগে থেকেই।

## আফগানিস্তানের বিপক্ষে টেস্ট
# অস্ট্রেলিয়া না খেললেও খেলবে নিউজিল্যান্ড

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : টেস্ট মর্যাদা পাওয়ার সাত বছর কেটে গেলেও এখন পর্যন্ত বড় কয়েকটি দলের বিপক্ষে সাদা পোশাকে খেলার সুযোগ পায়নি আফগানিস্তান। সেই তালিকায় থাকা নিউজিল্যান্ডের বিপক্ষে খেলার সম্ভাবনা তৈরি হয়েছে তাদের। আগামী সেপ্টেম্বরে ভারতের গ্রেটার নয়ডায় প্রথমবারের মতো টেস্টে কিউইদের মুখোমুখি হতে যাচ্ছে আফগানরা। ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফোর খবর, দুই দলের একমাত্র টেস্টটি শুরু হতে পারে ৯ সেপ্টেম্বর। ২০১৭ সালের জুনে টেস্ট মর্যাদা পাওয়া আফগানদের দশম টেস্ট হতে যাচ্ছে এই ম্যাচ। চলতি বছরে তৃতীয় টেস্ট, এক পঞ্জিকাবর্ষে যা দলটির সর্বোচ্চ।

নিউজিল্যান্ড ছাড়াও ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, পাকিস্তান ও দক্ষিণ আফ্রিকার বিপক্ষে এখনও কোনো টেস্ট খেলেনি আফগানিস্তান। ২০২১ সালে তাদের অস্ট্রেলিয়ার বিপক্ষে একটি ম্যাচ খেলার সম্ভাবনা জেগেছিল। কিন্তু আফগানিস্তানে তালেবানরা শাসনভার দখলের পর নারীদের ক্রিকেট বন্ধ করে দেওয়ায় মানবাধিকার লঙ্ঘনের কারণ দেখিয়ে টেস্টটি স্থগিত করে দেয় অস্ট্রেলিয়া। চলতি বছর এখন পর্যন্ত দুটি টেস্ট খেলে দুটিতেই হেরেছে আফগানিস্তান; শ্রীলঙ্কা ও আয়ারল্যান্ডের বিপক্ষে। আগের বছর তারা হেরেছিল বাংলাদেশের বিপক্ষে। টেস্টে এখন পর্যন্ত তিন ম্যাচ জেতা আফগানিস্তান সবশেষ জয়ের স্বাদ পেয়েছিল ২০২১ সালের মার্চে, জিম্বাবুয়ের বিপক্ষে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR